গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

তারিখ : ২৭ ডিসেম্বর ২০২০ খ্রি.
সময় : সকাল ১০:০০ টা
স্থান : অধিদপ্তরের সভা কক্ষ

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক')**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত ১২ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয়:

আলোচ্যসূচি-১: পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | প্রতি ০৩ (তিন) মাস অন্তর নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতি ০৩ (তিন) মাস অন্তর ১ম ও ২য় ত্রৈমাসিকে দুটি নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করা হয়েছে। | সকল শাখা |
| ৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২য় ও ৪র্থ ত্রৈমাসিক ০১টি করে মোট ০২টি সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নভেম্বর ২০২০ মাসে ০১টি সভার আয়োজন করা হয়েছে। | তদন্ত শাখা |
| ৪ | অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার সিদ্ধান্ত ৭৫% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার সিদ্ধান্ত ৭৫% বাস্তবায়ন করা হয়। | তদন্ত শাখা |
| ৫ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০জন কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণ ও প্রচার শাখা |
| ৬ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০জন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ২য় ত্রৈমাসিকে ৩২ জন এর প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণ ও প্রচার শাখা |
| ৭ | অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে এবং ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করা হবে। | প্রশাসন শাখা |

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮ | অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ তারিখে হালনাগাদ হয়েছে এবং ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করা হবে। | প্রশাসন শাখা |
| ৯ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে এবং ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করা হবে। | প্রশাসন শাখা |
| ১০ | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাক্রমে ৩০.০৯.২০, ৩১.১২.২০, ৩১.০৩.২১ ও ৩০.০৬.২১ তারিখে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত সেবাবক্স ইতোমধ্যে ৩০.০৯.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে এবং ৩১.১২.২০ তারিখে হালনাগাদ করতে হবে। | প্রশাসন শাখা |
| ১১ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ৩০.১১.২০ তারিখের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে বাণিজ্য মন্ত্রণালয়ে ১৫.০৯.২০ তারিখে প্রেরণ করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ১২ | ই-টেন্ডারের মাধ্যমে ১০০% ক্রয় কার্য (টেন্ডারের ক্যাটাগরিতে ক্রয়যোগ্য) সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভোক্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৩ লক্ষ প্যাম্ফলেট, ৪ লক্ষ লিফলেট ও ৫০ হাজার ক্যালেন্ডার মুদ্রণ এবং বিতরণের লক্ষ্যে e-Gp তে টেন্ডার আহবান করা হয় এবং দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রস্তাবিত প্রতিষ্ঠানের মাধ্যমে বর্ণিত প্রচার সামগ্রী মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ১৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ৩১.০৫.২১ তারিখের মধ্যে প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা সংশোধনের নির্দেশনার প্রেক্ষিতে অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী ৩০.১১.২০২০ তারিখের মধ্যে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২৬.১১.২০ তারিখে হালনাগাদ করা হয়েছে। | প্রশাসন শাখা |
| ১৪ | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬টি শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ১টি শাখা (তদন্ত) পরিদর্শন সম্পন্ন করা হয়েছে। | সকল শাখা |
| ১৫ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ ১০০% বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের পরিদর্শনকৃত শাখার সুপারিশ ১০০% বাস্তবায়ন করা হয়েছে। উদাহরণস্বরুপ তদন্ত শাখার সুপারিশ অনুযায়ী কম্পিউটারের নেট সংযোগ সরবরাহ করা হয়েছে। | সকল শাখা |
| ১৬ | ২য় ও ৪র্থ ত্রৈমাসিক ০১টি করে মোট ০২টি প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২য় ত্রৈমাসিকে ০১টি প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করা হয়েছে। | তদন্ত শাখা |
| ১৭ | নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং এর জন্য প্রতি ত্রৈমাসিকে ৬টি করে মোট ২৪টি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং এর জন্য ২য় ত্রৈমাসিক পর্যন্ত ১৬টি সভা আয়োজন করা হয়েছে। | কার্যক্রম শাখা |

| ক্রমিক | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৮ | নিয়মিত বাজার অভিযান কার্যক্রম পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | নিয়মিত বাজার অভিযান কার্যক্রম পর্যালোচনার জন্য ২য় ত্রৈমাসিক পর্যন্ত ১৫টি সভা আয়োজন করা হয়েছে। | কার্যক্রম শাখা |
| ১৯ | অধিদপ্তরের ১৩০ জন কর্মকর্তা-কর্মচারীকে দুর্নীতি প্রতিরোধে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীকে দুর্নীতি প্রতিরোধে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রশিক্ষণের আয়োজন করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ১৩০ জন কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ২য় ত্রৈমাসিকে ৩২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণ ও প্রচার |
| ২০ | নির্ধারিত সময়ে প্রতি ত্রৈমাসিকে ০১টি করে মোট ০৪টি পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্ধারিত সময়ে ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রশাসন শাখা |
| ২১ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে ৩১.১২.২০২০ তারিখের মধ্যে সভা/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে ৩১.১২.২০২০ তারিখের মধ্যে সভা/কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশাসন শাখা |

আলোচ্যসূচি-২: অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন:

ক. অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ৮.১ ও ৯.১-৯.৫ নম্বরে বর্ণিত কার্যক্রমসহ (বাজার তদারকি, অভিযোগ নিষ্পত্তি এবং লিফলেট, প্যাম্ফলেট, ক্যালেন্ডার মুদ্রণ ও বিতরণ) সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে যথোপযোগী উদ্যোগ গ্রহণ করতে হবে।

খ. নির্ধারিত সময়ে অধিদপ্তরের ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিলপূর্বক অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৪২৬
ই-মেইল: dg@dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১৬.০৪২.২০. ১০২০

তারিখ: ২৭ ডিসেম্বর ২০২০ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক (সকল), প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল) প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। অফিস কপি।

২৭/১২/২০২০
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)